দৈনিক বাংলা

তারিখ 06 JUL 1997
পৃষ্ঠা ২ কলাম ৪

৭৩

# পরীক্ষণ স্কুল শিক্ষকদের ইনস্ট্রাক্টর করার অবকাশ নেই ঃ পিটিআই শিক্ষক সমিতি

**স্টাফ রিপোর্টার ঃ** বাংলাদেশ পিটিআই শিক্ষক সমিতির নেতৃবৃন্দ বলেছেন যে, তাদের ইনস্টিটিউট সংলগ্ন পরীক্ষণ বিদ্যালয়গুলোর শিক্ষকদের ইনস্ট্রাক্টর পদমর্যাদা দেয়ার কোন অবকাশ নেই।

শুক্রবার জাতীয় প্রেসক্লাবে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে পিটিআই শিক্ষক সমিতির নেতৃবৃন্দ বলেন, ১৯৮৫ সালের ৭ সেপ্টেম্বরের সরকারী গেজেট মোতাবেক পিটিআই ইনস্ট্রাক্টর ও পরীক্ষণ বিদ্যালয়ের শিক্ষকদের নিয়োগবিধি, দায়িত্ব, পদমর্যাদা ও বেতন স্কেল সম্পূর্ণ ভিন্ন হওয়ায় উভয়ের মধ্যে পেশাগত দ্বন্দ্ব ও রেষারেষির অবকাশও নেই। কিন্তু এতদসত্ত্বেও কোন কোন পত্রিকা মারফত পরীক্ষণ বিদ্যালয়ের শিক্ষকরা এ ব্যাপারে ভিন্নমত প্রকাশ করছেন; যা সম্পূর্ণ অবৈধ ও ভিত্তিহীন। এ জাতীয় বিভ্রান্তিমূলক তথ্য পরিবেশন করা থেকে বিরত থাকার জন্য তারা সংশ্লিষ্ট শিক্ষকদের প্রতি আহ্বান জানান।

প্রসঙ্গত তারা বলেন যে, পরীক্ষণ বিদ্যালয়ের শিক্ষক পদটি হচ্ছে পিটিআই ইনস্ট্রাক্টরদের ফিডার পদ। সারাদেশে ১টি বেসরকারীসহ মোট ৫৪টি প্রাইমারী ট্রেনিং ইনস্টিটিউট রয়েছে এবং এগুলোর পাশাপাশি ১টি করে পরীক্ষণ বিদ্যালয় কাজ করছে বলে তারা জানান।